

# Prime Minister attends State Funeral of former Prime Minister of Japan Shinzo Abe

September 27, 2022

## জাপানের প্রয়াত প্রধানমন্ত্রী শিনজো আবে-র রাষ্ট্রীয় শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দিলেন শ্রী নরেন্দ্র মোদী

সেপ্টেম্বর 27, 2022

জাপানের প্রয়াত প্রধানমন্ত্রী শিনজো আবে-র রাষ্ট্রীয় শেষকৃত্য অনুষ্ঠানে যোগ দিলেন ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। টোকিও-র নিগুন বুডোকান-এ আয়োজিত প্রয়াত আবে-র শেষকৃত্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ২০ জন রাষ্ট্রপ্রধান সহ ১০০টিরও বেশি দেশের প্রতিনিধি।

2. একদা তাঁর প্রিয় বন্ধু প্রয়াত শিনজো আবে-র স্মৃতিতে সম্মান প্রদর্শন করেন শ্রী নরেন্দ্র মোদী। জাপানের প্রয়াত প্রধানমন্ত্রী ছিলেন ভারত-জাপান অংশীদারিত্বের এক বিশেষ প্রতিভূ।

3. রাষ্ট্রীয় শেষকৃত্য অনুষ্ঠান শেষে প্রয়াত শিনজো আবে-র স্ত্রী মিসেস আকি আবে-র সঙ্গে এক একান্ত বৈঠকে মিলিত হন ভারতের প্রধানমন্ত্রী। তিনি তাঁর শোক ও সমবেদনা প্রকাশ করেন মিসেস আবে-র কাছে। ভারত-জাপান অংশীদারিত্বের সম্পর্কে এক নতুন মাত্রায় উন্নীত করার ক্ষেত্রে জাপানের প্রয়াত প্রধানমন্ত্রীর অবদানের কথা স্মরণও করেন তিনি। পরে, জাপানের বর্তমান প্রধানমন্ত্রী মিঃ কিশিদার সঙ্গেও আলাপচারিতায় মিলিত হন ভারতের প্রধানমন্ত্রী।

টোকিও

সেপ্টেম্বর 27, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.